



ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনায় মধ্যস্থতার উদ্যোগ নিতে চায় ইরাক



ইরাকের নবনিযুক্ত প্রধানমন্ত্রী আলী আল-জাইদি। ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান উত্তেজনা কমাতে মধ্যস্থতার উদ্যোগ নিতে চায় ইরাক। দেশটির নবনিযুক্ত প্রধানমন্ত্রী আলী আল-জাইদি জানিয়েছেন, দুই দেশের মধ্যে বিদ্যমান সংকট নিরসনে বাগদাদ কূটনৈতিক ভূমিকা রাখতে প্রস্তুত।

তিনি নিজের অফিসিয়াল এক্স অ্যাকাউন্টে দেওয়া এক বিবৃতিতে এই অবস্থান তুলে ধরেন। সেখানে বলা হয়, ইরাক মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠায় সক্রিয়ভাবে কাজ করতে আগ্রহী। আলী আল-জাইদি জানান, সম্প্রতি তিনি ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। সেই আলোচনায় ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার বিরোধ কমাতে ইরাকের পক্ষ থেকে মধ্যস্থতার প্রস্তাব দেওয়া হয়।

তার ভাষ্য অনুযায়ী, ইরাক সবসময় সংঘাত নয়, বরং আলোচনার মাধ্যমে সমস্যার সমাধানে বিশ্বাসী। চলমান এই উত্তেজনার সময় সংলাপই সবচেয়ে কার্যকর পথ হতে পারে বলে তিনি মত দেন।

তিনি আরও দাবি করেন, ভৌগোলিক অবস্থান এবং কূটনৈতিক অভিজ্ঞতার কারণে ইরাক দুই পক্ষের মধ্যে যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ সেতু হিসেবে কাজ করতে সক্ষম। সবশেষে তিনি জানান, মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা বজায় রাখতে যেকোনো ধরনের ইতিবাচক ও গঠনমূলক উদ্যোগে ইরাক সামনে থেকে ভূমিকা রাখতে আগ্রহী।